

Prime Minister virtually participates in 21st Meeting of the Council of Heads of State of the Shanghai Cooperation Organisation

September 17, 2021

প্রধানমন্ত্রী সাংহাই সহযোগিতা সংগঠনের রাষ্ট্রপ্রধানদের পরিষদের ২১তম বৈঠকে ভারুয়ালি অংশগ্রহণ করেছেন
সেপ্টেম্বর 17, 2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী সাংহাই সহযোগিতা সংগঠনের (এসসিও) রাষ্ট্রপ্রধানদের পরিষদের ২১তম বৈঠকে ভারুয়ালি অংশগ্রহণ করেছেন এবং আফগানিস্তানের ওপর এসসিও-সিএসসিও অধিবেশনে ভিডিওর মাধ্যমে বক্তব্য রাখেন।

এসসিও-র রাষ্ট্রপ্রধানদের একবিংশতিতম সম্মেলন ১৭ সেপ্টেম্বর দুসানবে-তে হাইব্রিড অর্থাৎ মিশ্র পদ্ধতিতে অনুষ্ঠিত হয়েছে।

তাজিকিস্তানের রাষ্ট্রপতি মিঃ ইমোমালি রহমান বৈঠকের পৌরোহিত্য করেন।

প্রধানমন্ত্রী ভিডিও লিঙ্কের মাধ্যমে সম্মেলন বক্তব্য রাখেন। বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর দুসানবে-তে ভারতের প্রতিনিধিত্ব করেন।

প্রধানমন্ত্রী তাঁর ভাষণে ক্রমবর্ধমান মৌলবাদের ফলে উদ্ভূত সমস্যা নিয়ে আলোচনা করেন। তাঁর বক্তব্যে এসসিও অঞ্চলের বৃহৎ পরিষরে জঙ্গীবাদের সমস্যাও উঠে আসে। এই অঞ্চলটি উন্নতমনা সাংস্কৃতিক মূল্যবোধকে সম্মান দেয়।

প্রধানমন্ত্রী আফগানিস্তানের সাম্প্রতিকতম পরিস্থিতির কথা উল্লেখ করে বলেন, এর ফলে জঙ্গীবাদের সমস্যা আরও খারাপ পরিণতির দিকে এগোচ্ছে।

তিনি আধুনিক, বিজ্ঞান মনস্ক যথাযথ ভাবনাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য এসসিও-কে সক্রিয় হওয়ার পরামর্শ দেন। এই অঞ্চলের যুব সম্প্রদায়ের কাছে আজ যা প্রাসঙ্গিক।

তিনি ভারতের উন্নয়নমূলক কর্মসূচিতে ডিজিটাল প্রযুক্তির ব্যবহারের কথা উল্লেখ করেন এবং এসসিও গোষ্ঠীভুক্ত দেশগুলির মধ্যে এই বিষয়টি ভাগ করে নেওয়ার আগ্রহ প্রকাশ করেন।

এই অঞ্চলে যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলার প্রয়োজনীয়তার কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন স্বচ্ছ অংশীদারিত্ব এবং আলোচনার মাধ্যমে পারস্পরিক আস্থার সাহায্যে এই প্রকল্পগুলি বাস্তবায়িত হতে পারে।

এসসিও সম্মেলনের শেষে আফগানিস্তান নিয়ে একটি আলোচনা হয় যেখানে এসসিও এবং কালেক্টিভ সিকিউরিটি ট্রিটি অর্গানাইজেশন (সিএসটিও)র প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। এই অধিবেশনেও প্রধানমন্ত্রী ভিডিওর মাধ্যমে অংশগ্রহণ করেন।

এক ভিডিও বার্তায় প্রধানমন্ত্রী পরামর্শ দেন এসসিও-কে এই অঞ্চলের সন্ত্রাসবাদের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহণ করতে হবে। আফগানিস্তান থেকে মাদক, অস্ত্রশস্ত্র এবং মানুষ চোরাচালানের আশঙ্কার কথাও তিনি তাঁর ভাষণে তুলে ধরেন। আফগানিস্তানে মানবিক সংকটের প্রসঙ্গ উল্লেখ করে শ্রী মোদী আফগান জনসাধারণের সঙ্গে ভারতের একাত্মতার কথা আবারও উল্লেখ করেন।

নিউ দিল্লি

সেপ্টেম্বর 17, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.